

বিবিধ সমস্যার বেড়াজালে দুইটি ডিগ্রী কলেজ

ফরিদপুর থানা ও চাটখিল থানায় ২টি ডিগ্রী কলেজ থাকিলেও বহুমুখী সংকটে পতিত এই কলেজে ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া বা শিক্ষা গ্রহণ দারুণভাবে ব্যাহত হইতেছে। খবর ২জন সংবাদদাতার।

পাবনা: ফরিদপুর থানার একমাত্র ডিগ্রী কলেজে (মোহাম্মদ ইয়াসিন কলেজ) প্রয়োজনীয় শিক্ষকের অভাব, শ্রেণীকক্ষে স্থান সংকুলান না হওয়া, পাঠাগারে বইয়ের অপ্রতুলতা প্রভৃতি কারণে ছাত্র-ছাত্রীদের শিক্ষা গ্রহণে বিঘ্ন ঘটিতেছে। ইতিপূর্বে উপজেলা হইতে প্রাপ্ত অর্থ সাহায্যে নিমিত্ত স্থিত ভবনটি ক্লাসের জন্য ব্যবহার করা হইলেও শ্রেণীকক্ষে স্থান সংকুলান সমস্যা দেখা দিয়াছে। কলেজটিতে বৈদ্যুতিক সংযোগ না থাকায় গ্রীষ্মকালে শিক্ষক ও শিক্ষার্থীরা গরমে অতিষ্ঠ হইয়া উঠেন। বৃষ্টির সময় জানালা বন্ধ করিয়া দিয়া ক্লাস চালিহিতে হয়। পরীক্ষা কার্যে মারাত্মক ব্যাঘাত ঘটে। দোতলার বারান্দার রেলিং না থাকায় ছাত্র-ছাত্রীদেরকে ঝুঁকি নিয়া চলাচল করিতে হয়। জানা যায় অর্থাভাবে রেলিং নির্মাণ করা সম্ভব হইতেছে না। একই কারণে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ, চেয়ার বেঞ্চ আসবাবপত্র নির্মাণ হয়না। কলেজে খেলাধুলার সামগ্রীর অভাব প্রকট আকার ধারণ করিয়াছে।

রামগঞ্জ (লক্ষ্মীপুর) ১৯৬৬ সালে চাটখিল থানা সদরে প্রতি-

ষ্ঠিত একমাত্র মাহাবুবুর রহমান বেসরকারী ডিগ্রী কলেজটি ১৯৮৭ সালে জাতীয়করণ করা হইলেও এই কলেজে শিক্ষক সংকটসহ বহুমুখী সমস্যায় পতিত হইয়াছে। এই সংকট সমাধানের অভাবে ২ সহস্রাধিক ছাত্র-ছাত্রী লেখাপড়ায় চরম হতাশা বিরাজ করিতেছে। কলেজটি সরকারী করণের পর সাবিক উন্নয়ন আশা করা হইলেও তাহা বাস্তবে পরিণত হয় নাই। জানা যায়, গত ৩ বছর যাবৎ এই কলেজে ইংরেজী বিভাগে কোন শিক্ষক নাই। এখানে শিক্ষকের পদের সংখ্যা ২৭টি হইলেও বর্তমানে আছেন ১৮ জন। প্রতি বিভাগে ৪ জন করিয়া সর্বমোট ১৪টি বিভাগে ৫৬ জন শিক্ষকের স্থলে মাত্র ১৮জন শিক্ষক শিক্ষা প্রদানের দায়িত্ব পালন করিয়া চলিয়াছেন বলিয়া কলেজ অধ্যক্ষ জানান। কলেজে প্রয়োজনীয় সংখ্যক শ্রেণী কক্ষ, চেয়ার, টেবিলের অভাব তীব্র হইয়া উঠিয়াছে। হোষ্টেলে ছাত্রীদের নামাজের স্থান ও ক্যান্টিন নাই। পৃথক প্রশাসনিক ভবন না থাকায় অধ্যক্ষের বাসভবনে বহু কষ্টে কাজ কর্ম চলিতে দেখা যায়। বর্ষা মৌসুমে সংস্কারবিহীন মাঠে হাটু-কাদা পানি জমিয়া যায়। খেলাধুলা সম্ভব হয় না। অন্য দিকে বাড়ি-ওয়ারী ওয়াল না থাকায় ঐসব গোচারণ ভূমিতে পরিণত হইয়াছে।